১। জন্মদিনে নিমন্ত্রণ জানিয়ে বন্ধুকে পত্র।

মহাপ্রভু পাড়া,

নবদ্বীপ

তাং–২২.০৭.২০২৬

প্রিয় নীল,

বাতাসে পুজো পুজো গন্ধ। কানে বেজে উঠছে ঢাকের আওয়াজ। আকাশে ছেঁড়া ছেঁড়া মেঘের আনাগোনা। এরই মাঝে দেখতে দেখতে আর একটা বছর ঘুরে গেল। আমি পা রাখব ১৫ বছরে। আগামী ২৮ সেপ্টেম্বর আমার শুভ জন্মদিন। প্রতি বছরের মতো এবারও কিন্তু তোর আসা চাই। তোকে পেলে এই ক্ষুদ্র অনুষ্ঠানে খুব মজা হবে।

আবার বলছি তারিখটা মনে রাখিস–২৮ সেপ্টেম্বর। মাসিমাকে আমার প্রণাম দিস। তোর আসার অপেক্ষায় রইলাম।

ইতি,

তোর অন্তরঙ্গ পাপাই

| প্রাপকের ঠিকানা | ডাকটিকিট |
|---|---|
| নীলাব্রত সাহা | |
| প্রযত্নে: অনিব্রত সাহা | |
| গ্রাম + পো: বসিরহাট, মল্লিকপাড়া | |
| জেলা: উত্তর ২৪ পরগনা | |